গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
carmichael.college.gov.bd

স্মারক নম্বর: ৬২৯২

তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (২য় ধাপ)

কারমাইকেল কলেজের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণি ভর্তি নীতিমালা-২০২৬ মোতাবেক অনলাইনে আবেদনের প্রেক্ষিতে যে সকল শিক্ষার্থী ২য় ধাপে নির্বাচিত হয়ে যথাসময়ে শিক্ষায় করেছে, তাদের নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণের জন্য নির্দেশ দেয়া গেল। এ সংক্রান্ত তথ্য কলেজের ওয়েবসাইট: https://carmichael.college.gov.bd/ এবং নোটিশবোর্ডে পাওয়া যাবে।

১। **আবেদন ফরম পূরণ ও ভর্তি ফি জমাদান পদ্ধতি:**

(ক) শিক্ষার্থীকে নিম্নোক্ত User Name ও Password দিয়ে https://carmichaelcollege.eshiksaems.com এ প্রবেশ করে ভর্তির আবেদন ফরম পূরণ এবং নির্ধারিত ফি আগামী ১৩/১০/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

User Name: **carmichaelstudent**, Password: **carmichaelstudent**

(খ) Education Management System এর Admission এ গিয়ে Click for Admission এ ক্লিক করার পর Select Group অপশন থেকে HSC সিলেক্ট করতে হবে, Select Department অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে আবেদন ফরম প্রদর্শিত হবে।

(গ) বিকাশ অ্যাপে লগইন করে Education Fee অপশনে ক্লিক করুন। মার্চ বক্সে Carmichael College লিখে ব্যবহারের নম্বর নির্বাচন করুন। সঠিক Admission Roll (SSC Roll) প্রদান করে টাকার পরিমাণ ও তথ্য যাচাই করুন। এরপর বিকাশ PIN দিয়ে ফিনের নিচে Tap and Hold করলে পেমেন্ট সম্পন্ন হবে। ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।

বিশেষ দ্রষ্টব্য: **প্রতি পেমেন্টে ২৫ টাকা চার্জ প্রযোজ্য।**

(ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পুনরায় ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। গ্রুপভিত্তিক ভর্তি ও অন্যান্য ফি:

গ্রুপ	ছাত্রদের জন্য	ছাত্রীদের জন্য
মানবিক/ব্যবসায় শিক্ষা	৩২৭০	৩০৩০
বিজ্ঞান	৩৩৯০	৩১৫০

৩। **ভর্তির আবেদন ফরম, Payslip ও অন্যান্য কাগজপত্রাদি জমাদানের তারিখ ও স্থান**

গ্রুপ	জমাদানের তারিখ ও সময়	জমাদানের স্থান
বিজ্ঞান	১১-১০-২০২৬ থেকে ১৩-১০-২০২৬ (সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত)	উচ্চ মাধ্যমিক ভবন কারমাইকেল কলেজ, রংপুর
মানবিক		
ব্যবসায় শিক্ষা		
কোটা (মুক্তিযোদ্ধা ও শিক্ষা) এবং পাঠবিরতি		

৪। **যে সকল কাগজপত্র ভর্তি কমিটির নিকট জমা দিবে:**

(ক) ভর্তির আবেদন ফরম (শিক্ষার্থী নিজের কাছে ১ কপি সংরক্ষণ করবে);
(খ) ফি পরিশোধের Payslip (College Copy);
(গ) এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও প্রশংসাপত্র;
(ঘ) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র এর ফটোকপি- ০১ কপি করে;
(ঙ) সদ্য তোলা রঙিন ছবি পাসপোর্ট সাইজ-২ কপি;
(চ) শিক্ষার্থীর জন্ম সনদ, পিতা ও মাতার NID কার্ড এর ফটোকপি-১ কপি করে;
(ছ) বড় খাম ১টি (সাইজ ১০"×১৪")
(জ) মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে- মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি- ০১ কপি জমা দিতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ভর্তির ক্ষেত্রে দাবীর সমর্থনে অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ফটোকপি- ০১ কপি জমা দিতে হবে।
(ঝ) শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে- সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি- ০১ কপি জমা দিতে হবে। তবে তিনি দপ্তর প্রধান হলে একধাপ উপরের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি- ০১ কপি জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর
8.10.26
(প্রফেসর ড. মোঃ আবুল হোসেন মন্ডল)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।

আহ্বায়ক ৮/১০/২০২৬
একাদশ শ্রেণি ভর্তি কমিটি/২০২৬-২০২৭
কারমাইকেল কলেজ, রংপুর

বিতরণ:
১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর;
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, কারমাইকেল কলেজ, রংপুর;
৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, কারমাইকেল কলেজ, রংপুর;
৪। সংরক্ষণ নথি।

C:\Users\os Desktop\HSC 2026-27 Notice.doc

CamScanner